

# ইবি শিক্ষার্থী সাজিদ আব্দুল্লাহর মৃত্যু হয় শ্বাসরোধে : ভিসেরা প্রতিবেদন

ইসলামী বিশ্ববিদ্যালয় প্রতিনিধি



সংগৃহীত ছবি

ইসলামী বিশ্ববিদ্যালয়ের (ইবি) শিক্ষার্থী সাজিদ আব্দুল্লাহকে শ্বাসরোধ করে হত্যা করা হয়েছে। রবিবার

(৩ আগস্ট) সাজিদ আব্দুল্লাহর মৃত্যুর ভিসেরা রিপোর্টে বিষয়টি নিশ্চিত করা হয়েছে।

রিপোর্টে স্বাক্ষর করেন বাংলাদেশ পুলিশ সিআইডি মহাখালীর রাসায়নিক পরীক্ষাগারের প্রধান নজরগল

ইসলাম ও খুলনা বিভাগীয় পরীক্ষক জনি কুমার ঘোষ।

সাজিদের শরীরে কোনো বিষাক্ত পদার্থের উপস্থিতি পাওয়া যায়নি।

রিপোর্টে শাসরোধের ফলে সাজিদের মৃত্যু হয়েছে বলে উল্লেখ করা হয়। পোষ্টমর্টেমের সময় থেকে

আনুমানিক ৩০ ঘণ্টা আগে তার মৃত্যু হয়েছে বলে প্রতিবেদনে বলা হয়েছে।

প্রসঙ্গত, গত ১৭ জুলাই বিকেল সাড়ে ৬টায় শাহ আজিজুর রহমান হলের পুকুর থেকে সাজিদের

মরদেহটি উদ্ধার করা হয়। সাজিদ আল-কুরআন অ্যান্ড ইসলামিক স্টাডিজ বিভাগের ২০২১-২২

শিক্ষাবর্ষের শিক্ষার্থী।